

রাজনীতি

রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৫:৪৮ PM



গুণ্ডা বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার (৩ অক্টোবর) | দুপুরে রাজধানীর কাকরাইলে জাতীয় মুফাসসির সম্মেলনে এ আহ্বান জানান তিনি।

জামায়াত আমির বলেন, যুগে যুগে পথহারা জাতিদের পথ দেখিয়েছেন আলেম-ওলামারা। তাদের বক্তব্যে কাউকে যেন খোঁচা দেওয়া না হয়। এছাড়া সংসদে কোরআন ও সুন্নাহর সুস্পষ্ট লংঘন করে যে সব আইন পাশ করা হয়েছে, তার গঠনমূলক সমালোচনার কথাও বলেন তিনি।

সমাজের অসঙ্গতি দেখলে তার বিরুদ্ধে আলেমদের ইতিবাচক কথা বলতে হবে বলে জানান ডা. শফিকুর রহমান। দুই একজনের আচরণ যেন পুরো আলেম সমাজের ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত না করে, সেদিকেও সতর্ক থাকার পরামর্শ দেন তিনি।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাতার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাতার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...



জামায়াত আর আওয়ামী লীগের মধ্যে কোনো পার্থক্য নেই: উমামা
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক মুখপাত্র উমামা ফাতেমা বলেছেন, জামায়াত ও আওয়ামী লীগের মধ্যে কোনো পার্থক্য
নেই। তিনি অভিযোগ করেছেন, জুলাই আ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/rashtreer-dajitb-palne-alem-olamader-egiye-asar-ahban-jamayat-amirer>